মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) হিসেবে আজমল হোসেনের যোগদান

মেহেরপুর সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো: আজমল হোসেন মেহেরপুরে যোগদান করেছেন।

আজ বৃহস্পতিবার তিনি মেহেরপুরে যোগদান করলে পুলিশ সুপার মো: রাফিউল আলম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সম্প্রতি মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সরোয়ার বদলি হওয়ায় তার স্থলাভিষিক্ত হলেন আজমল হোসেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ২৪ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৫ আসামি ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার হয়েছে।

মঙ্গলবার দিবাগত রাত আজ বুধবার (৩০ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

বুধবার দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

ডিবি ও গাংনী থানার ওসি,র পুরুস্কার লাভ

আদালতের পরোয়ানাভূক্ত আসামি গ্রেফতার, মাদক উদ্ধার ও নিয়মিত মামলার আসামি গ্রেফতারে সাফল্য’র জন্য অক্টোবার মাসের সেরা ও ৮ম বারের মত জেলার চৌকস ওসি নির্বাচিত হয়েছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দ পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম, চৌকস অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান, এস আই আব্দুর রাজ্জাক, এসআই আশিক, সদর থানার এএসআই শাকিল খান।

সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর পুলিশ লাইন ড্রিল সেটে পুলিশের কল্যান সভায় আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি সরুপ নগদ টাকা ও ক্রেষ্ট প্রদান করা হয়।

মেহেরপুর জেলা পুলিশ সুপার (এসপি) মো: রাফিউল আলম আনুষ্ঠানিক ভাবে পুরস্কার ও নগদ অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার সার্কেল অপু সরোয়ার,সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলসহ পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে ৬ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার হন। শনিবার (২৬ নভেম্বর) দুপুর থেকে আজ রবিবার (২৭ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। পুলিশের একাধিক টিম এই গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে পৃথক দুটি চুরির মামলায় ৫ জন ও মাদক মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিয়ানে ডাকাতি মামলায় ১ ও নিয়মিত মামলায় ১ জন আসামি রয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (২৭ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

অনলাইন জুয়ার হোতা ময়না মেম্বরের সাব এজেন্ট শিমুল গ্রেফতার

অনলাইন জুয়ার দূর্গ মুজিবনগরের কোমরপুরে অভিযান চালিয়ে মহাজনপুর ইউনিয়ন পরিষদের সদস্য ময়না মেম্বারের সাব এজেন্ট জিহাদ আলী ওরফে শিমুল (১৯) কে গ্রেফতার করেছে পুলিশ।

এসেছে। ক্রমান্বয়ে আরো উঠে আসবে।
অনলাইন জুয়ার সকল সংবাদ পড়ুন নিচের লিঙ্কগুলোতে
অনলাইন জুয়ার আরেক হোতা রাজন স্বর্ণকার আটক
এবার মেহেরপুর শহর থেকে আটক অনলাইন জুয়ার আরও চার এজেন্ট মেহেরপুরে অনলাইন জুয়ার আরো চার হোতা আটক
মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক মাস্টারমাইণ্ড সজিব আটক
অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম কারাগারে
মেহেরপুরে অনলাইন জুয়ার আরও এক মাস্টার এজেন্ট পলাশ
অনলাইন জুয়ার এজেন্ট শামিমকে নিম্ম আদালতে আত্মসমর্পণের নির্দেশ মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট শামিম অধরা
মেহেরপুরে অনলাইন জুয়ার আরেক এজেন্ট সাদ্দাম আটক
অনলাইন জুয়ার হোতা নুরুল ও জামানকে শোকজ
ধরাছোঁয়ার বাইরে অনলাইন জুয়ার অন্যতম চার হোতা মুকুল-জামান-নুরুল-মাদার
মেহেরপুরে অনলাইন জুয়ার মাস্টারমাইণ্ড প্রসেনজিৎ সহযোগীসহ আটক মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

মেহেরপুর পুলিশের অভিযানে ৫ আসামি গ্রেফতার

২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৫ জন আসামিকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের পৃথক দল।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ৪ ও গাংনী থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে, চুরি মামলায় ১ মাদক মামলায় ১ জন ও আদালতের পরোয়ানাভূক্ত আসামি ৩ জন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব অভিযান পরিচালনা করেন।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৫ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ১২ ঘন্টার অভিযান মাদক ও নারী নির্যাতন মামলার ৫ আসামি গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া মামলার পলাতক আসামি সামসুল আলম (৫৮)। সামসুল আলম মেহেরপুর সদর থানার রাজনগর গ্রামের মৃতু মসলিম আলীর ছেলে। তার নামে নারী ও শিশু নির্যাতন দমণ আইনে দায়ের হওয়া সদর থানার মামলা নং ২৮, তারিখ ২৬/১০/২২, জিআর মামলা নং ৩৯০/২২ ইং।

অপর দিকে মাদক মামলার আসামি মেহেরপুর শহরের বেড়পাড়া গ্রামের আব্দুল হামিরে ছেলে রনি হোসেন (৩৬), দুখু আলীর ছেলে রাব্বী হোসেন (৩৫), সদর উপজেলার পিরোজপুর গ্রামের অজের আলী মেম্বরের (সাবেক) ছেলে জিয়াউল হক (৪২) ও সিরাজুল ইসলামের ছেলে আজাদ আলী (৩৩)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময় আজ মঙ্গলবার (২২ নভেম্বর) ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় পুলিশ সদস্যেদের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের উদ্বোধন

বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত নায়েক ও কনস্টেবলদের দক্ষতা উন্নয়ন কোর্সের ৮ম ব্যাচের শুভ উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের ১০৫টি ভেন্যুতে সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে গতকাল শনিবার বেলা সাড়ে দশটার সময় ৮ম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ শুরু হয়েছে।

উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃআবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, আরআই পুলিশ লাইন্স চুয়াডাঙ্গা আমিনুল ইসলাম সহ চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের প্রতিনিধিসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার প্রশিক্ষণার্থী পুলিশ সদস্যগণ উক্ত

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫ জন

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলায় ৫ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৪ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ জন গ্রেফতার হয়েছে।শনিবার সকাল থেকে আজ রবিবার (২০ নভেম্বর) ভোররাত পর্যন্ত ২ টি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ রবিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে শিশু বলাৎকার মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২

ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) ভোররাত পর্যন্ত পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

সদর থানা ও গাংনী থানা পুলিশ এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে এসব অভিযান পরিচালিত হয়।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।